

সিঙ্গাপুরের হোটেল ইন্টারকন্টিনেন্টালের অফার

- A Monitor Desk Report

Date: 06 March, 2024



সিঙ্গাপুর: বৃষ্টি-বিমা নামের বিশেষ ভ্রমণ প্যাকেজের ধারণার জন্ম দিলো সিঙ্গাপুরের শীর্ষস্থানীয় অভিজাত হোটেল 'ইন্টারকন্টিনেন্টাল'। দিনের বেলায় ৪ ঘণ্টার মধ্যে ২ ঘণ্টার বেশি টানা বৃষ্টি হয় তখনই এই প্যাকেজ কার্যকর হবে।

বছরে গড়ে ১৭১ দিন বৃষ্টি হয়ে থাকে সিঙ্গাপুরে। বৃষ্টির বাধায় পর্যটকদের ঘুরতে অথবা গুরুত্বপূর্ণ কাজে যে সাময়িক ক্ষতি হয়, তা পুষিয়ে দিতে 'ইন্টারকন্টিনেন্টালের' এমন উদ্যোগ।

অভিজাত হোটেলটির বিজ্ঞপ্তিতে জানা গেছে, এই অর্থ পুরস্কার অথবা বিশেষ ছাড় পাওয়ার ক্ষেত্রে কিছু শর্ত রয়েছে হোটেল কর্তৃপক্ষ জানিয়েছে, বিজ্ঞপ্তি অনুসারে, দিনের বেলায় ৪ ঘণ্টার মধ্যে ২ ঘণ্টার বেশি টানা বৃষ্টি হয় তখনই এই প্যাকেজ কার্যকর হবে।

আর্থিক ঝুঁকি থাকলেও হোটেল কর্তৃপক্ষ 'রেইন রেজিস্ট ব্লিস' প্যাকেজের অন্তর্ভুক্ত কোনো অতিথির পূর্ব পরিকল্পিত কার্যক্রম টানা বৃষ্টিতে ভেঙে গেলে তাকে অতিরিক্ত এক রাত থাকার সমপরিমাণ অর্থ ক্ষতিপূরণ হিসেবে দেবে। অন্য শর্তের মধ্যে বলা হয়েছে, প্যাকেজটি কেবল স্যুটে থাকা অতিথিদের জন্য প্রযোজ্য হবে। এর মধ্যে জুনিয়র স্যুটে প্রতি রাতের ফি ৬৩৩ মার্কিন ডলার এবং প্রেসিডেন্টশিয়াল স্যুটে তিন হাজার ৩৪৯ মার্কিন ডলার থেকে শুরু হয়।

ক্ষতিপূরণের এই অর্থ একটি ভাউচার আকারে আসবে, যা এক সপ্তাহের মধ্যে ইন্টারকন্টিনেন্টাল সিঙ্গাপুরে ব্যয় করতে হবে। ভাউচারের অর্থের পরিমাণ ওই হোটেলের একটি মানসম্পন্ন রুমে এক রাতে থাকার সমান।

-B